



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০-

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬
১৮ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি

[বিজ্ঞান ও প্রযুক্তিতে নতুন জ্ঞান সংযোজনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান]

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত / গবেষণারত ছাত্র-ছাত্রীগণের নিকট হতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদন আহ্বান।


২০২০-২০২১ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়/অনুমোদিত স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটে ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল/জীব ও চিকিৎসা বিজ্ঞান/কৃষি বিজ্ঞান, এনিম্যাল সাইন্স ও খাদ্য বিজ্ঞান-এর আওতাভুক্ত বিষয়সমূহে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী/গবেষকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম এর PDF ফাইল এবং ব্যবহারের সুবিধার্থে Word file ওয়েবসাইটে [www.most.gov.bd] দেয়া আছে।

শর্তাবলী:

- (১) আবেদনপত্র কেবল ডাকযোগে [অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং-৯১৯, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা] প্রেরণ করতে হবে। খামের উপর মোটা কালিতে কোর্সের নাম (এমএস / এমএসসি / এমফিল / পিএইচডি), গ্রুপের নাম (ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল / জীব ও চিকিৎসা বিজ্ঞান / কৃষি বিজ্ঞান ও খাদ্য বিজ্ঞান) এবং বিশ্ববিদ্যালয়ের নাম লিখতে হবে। আবেদনকারি যে ফ্যাকালটির ছাত্র তার ভিত্তিতে 'গ্রুপ' এর নাম লিখতে হবে। ফেলোশিপ নবায়নের জন্য আবেদনকারীগণ 'নবায়ন' শব্দটিও লিখবেন।
- (২) আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ২৫ মার্চ, ২০২০। উক্ত তারিখের মধ্যে আবেদনপত্র মন্ত্রণালয়ে পৌছানো নিশ্চিতকল্পে সময় হাতে রেখে পোস্ট করার জন্য অনুরোধ করা হলো।
- (৩) একজন আবেদনকারি যে কোন একটি গ্রুপে কেবল ১টি আবেদন করতে পারবেন।
- (৪) পূর্ণকালীন ছাত্র না থাকলে (এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি যে পর্যায়েরই হোক) আবেদনের যোগ্য হবেন না। খন্ডকালীন বা সাক্ষ্যকালীন ছাত্র গ্রহণযোগ্য হবে না।
- (৫) চাকুরিজীবীগণ কেবল এমফিল ও পিএইচডি পর্যায়ের ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। অফিসের অনুমতি না নিয়ে ভর্তি হয়ে থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।
- (৬) অন্য কোন উৎস হতে প্রাপ্ত আর্থিক সহায়তা অব্যাহত রেখে NST ফেলোশিপ গ্রহণ করা যাবে না। এ বিষয়টি নিশ্চিতকল্পে নির্ধারিত বাক্য সম্বলিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে। অঙ্গীকারনামার নমুনা ওয়েবসাইটে পাওয়া যাবে।
- (৭) এমএস / এমএসসি কোর্সে অধ্যয়নরতদের এসএসসিতে সর্বনিম্ন ৪.৫, এইচএসসিতে সর্বনিম্ন ৪.৫ এবং স্নাতক পর্যায়ে সর্বনিম্ন ৩.২ (৪ এর মধ্যে) থাকতে হবে। আবেদনের শেষ তারিখে বয়স অনূর্ধ্ব-৩০ বছর।
- (৮) এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরতদের এসএসসিতে সর্বনিম্ন ৪.৫, এইচএসসিতে সর্বনিম্ন ৪.৫ ও স্নাতক পর্যায়ে সর্বনিম্ন ৩.২ (৪ এর মধ্যে)/প্রথম শ্রেণী এবং স্নাতকোত্তর পর্যায়ে সর্বনিম্ন ৩.২ (৪ এর মধ্যে)/প্রথম শ্রেণী থাকতে হবে। এমফিল পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর, চাকুরিরতদের জন্য ৩৫ বছর হতে পারবে। পিএইচডি পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স সর্বোচ্চ ৪০ বছর, চাকুরিরতদের জন্য ৪৫ বছর হতে পারবে।
- (৯) প্রাপ্ত আবেদনপত্র প্রাথমিকভাবে যাচাই-বাছাইয়ের পর তালিকা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং যথাসময়ে ওয়েব সাইটের মাধ্যমে তারিখ ও স্থান জানিয়ে মৌখিক পরীক্ষায় আহ্বান করা হবে।



- (১০) নিম্নোক্ত কগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে দেখাতে হবে:
- (১) এমএস / এমএসসি পর্যায়ে আবেদনকারীদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পাশের মূল সার্টিফিকেট।
 - (২) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীদের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পাশের মূল সার্টিফিকেট।
- (১১) নিম্নোক্ত কাগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে:
- (১) এমএস / এমএসসি পর্যায়ে আবেদনকারিগণ সাদা কাগজে বিভাগীয় প্রধান কর্তৃক প্রতिस্বাক্ষরিত নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা জমা দেবেন।
 - (২) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারিগণ ৩০০/- মূল্যের নন-জুডিশিয়াল স্টাম্পে নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা দেবেন।
 - (৩) এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ে ২০১৯-২০ অর্থবছরে নতুন আবেদনকারিগণ ০৩ পাতার গবেষণা সিনোপসিস এর ৩ কপি জমা দেবেন। ফেলোশিপ নবায়নের আবেদনকারিগণ ০৪ পাতার মেধ্য সীমিত গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন ৩ কপি জমা দেবেন।
 - (৪) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারিগণ তাদের ভর্তি কনফার্মেশন পত্র জমা দেবেন। চাকরিজীবীগণ তাদের ছুটির প্রমাণক জমা দেবেন।


১৬/০২/২০২০

(মোঃ রবিউল ইসলাম)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪০৩৪৮

মোবাঃ ০১৯৩৭৫৯৬২৬৬

E-mail: section12@most.gov.bd